দৈনিক
ইনকিলাব

তারিখ ... 12 JAN 20 3
পৃষ্ঠা ৬ ... কলাম ... ৪ ......

# ঢাবি'র সাবেক ভিসি ও কোষাধ্যক্ষের বিরুদ্ধে দুর্নীতি মামলা দায়ের

স্টাফ রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক আবুল কালাম আজাদ চৌধুরী ও কোষাধ্যক্ষ অধ্যাপক মোঃ শামসুল হকের বিরুদ্ধে দুর্নীতির মামলা দায়ের করা হয়েছে। দুর্নীতি দমন কর্মকর্তা (টাস্কফোর্স-৪) মোঃ গোলাম ফারুক বাদী হয়ে রমনা থানায় এই মামলাটি দায়ের করেছেন। গতকাল (রবিবার) দণ্ডবিধির ৪১৮/১০৯ ধারা এবং ১৯৪৭ সালের (২নং আইন) দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় মামলাটি দায়ের করা হয়।

মামলার এজাহারে বলা হয় যে, ১৯৯৯ সালের মার্চে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের বিপরীতে ঠিকাদারদের চলতি বিল পরিশোধ করতে তৎকালীন কোষাধ্যক্ষ মোঃ শামসুল হক তার নিজস্ব অফিস প্যাডে তৎকালীন ভিসি আজাদ চৌধুরীর বরাবরে ২১-৩-৯৯ ইং তারিখে এক নোটে ব্যাংক থেকে তিন কোটি টাকা ঋণ নিয়ে ঠিকাদারী বিল পরিশোধের প্রস্তাব পেশ করেন। উক্ত প্রস্তাবে ওই একই দিন ভিসি বিশ্ববিদ্যালয়ের ৩ কোটি ৪৪ লাখ ৮২ হাজার টাকা স্থায়ী আমানতের বিপরীতে তিন কোটি টাকা ঋণ গ্রহণের জন্য মতামত দেন।